

সিঙ্গাপুরের চাঙ্গি বিশ্বসেরা বিমানবন্দর

- A Monitor Desk Report

Date: 18 March, 2023



কাতারের হামাদ আন্তর্জাতিক বিমানবন্দরকে হারিয়ে বিশ্বের সেরা বিমানবন্দর নির্বাচিত হয়েছে সিঙ্গাপুরের চাঙ্গি বিমানবন্দর। এর মাধ্যমে তকমা হারানোর দুই বছর পর চাঙ্গি বিমানবন্দর বিশ্বসেরার মুকুট ফিরে পেয়েছে।

ব্রিটেনের এভিয়েশন শিল্প সমালোচক প্রতিষ্ঠান স্কাইট্র্যাঙ্ক সম্প্রতি ২০২৩ সালের বিশ্বের সেরা বিমানবন্দরের তালিকা প্রকাশ করেছে। বিশ্বের বিভিন্ন দেশের যাত্রীদের ভোটে স্কাইট্র্যাঙ্ক ওয়ার্ল্ড এয়ারপোর্ট অ্যাওয়ার্ডস-২০২৩ শীর্ষক সেরা বিমানবন্দরের তালিকা ঘোষণা করেছে প্রতিষ্ঠানটি।

স্কাইট্র্যাঙ্কের তালিকায় আন্তর্জাতিক যোগাযোগ হাব সিঙ্গাপুরের চাঙ্গি বিমানবন্দর বিশ্বসেরা বিমানবন্দর নির্বাচিত হয়েছে। এছাড়া জাপানের রাজধানী টোকিওর হানেদা বিমানবন্দর তৃতীয় সেরা নির্বাচিত হয়েছে। টোকিওরই নারিতা বিমানবন্দর রয়েছে নবম স্থানে।

তবে বিশ্বের সেরা ১০ বিমানবন্দরের তালিকায় স্থাপন পায়নি যুক্তরাষ্ট্রের কোনো বিমানবন্দর।

চাঙ্গি বিমানবন্দর গুপের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) লি সিও হিয়াং বলেছেন, চাঙ্গি বিমানবন্দর ১২তম বারের মতো বিশ্বের সেরা বিমানবন্দরের সুনাম অর্জন করেছে। এই স্বীকৃতি আমাদের বিমানবন্দর সংশ্লিষ্টদের জন্য ব্যাপক উৎসাহের, যারা গত দুই বছরে কোভিড-১৯ এর চ্যালেঞ্জ মোকাবিলায় দৃঢ়ভাবে লড়াই করেছেন।

এছাড়া তালিকার প্রথম ১০ এ জায়গা পেয়েছে সিউলে ইনচিওন (৪), প্যারিসের চার্লস দে গল (৫), ইস্তাম্বুল আন্তর্জাতিক বিমানবন্দর (৬), মিউনিখ বিমানবন্দর (৭), জুরিখ আন্তর্জাতিক বিমানবন্দর (৮), মাদ্রিদের বারাজাস বিমানবন্দর (১০)।

-B